গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.nlaso.gov.bd

স্মারক নং-১০.০৭.০০০০.০০২.১৬.০৫.২৪-৪৫

তারিখ: ০৪ আশ্বিন ১৪৩১ / ১৯ সেপ্টেম্বর ২০২৪

**বিষয়ঃ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের মামলায় বাদীপক্ষকে আইনগত সহায়তা প্রদানের তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), ২০২৪-২৫ এর ১.৬.২ নং কর্মসম্পাদন সূচকে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে দায়েরকৃত মামলার বাদীপক্ষদের মধ্য থেকে আইনগত সহায়তা প্রাপ্তির জন্য যোগ্য আবেদনকারীদের শতকরা ৯০ জনকে আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

০২। এমতাবস্থায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), ২০২৪-২৫ এর ১.৬.২ নং কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সংস্থা কর্তৃক নির্ধারিত ফরম্যাট অনুযায়ী নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে দায়েরকৃত মামলার বাদীপক্ষদের মধ্য থেকে আইনগত সহায়তা প্রাপ্তির জন্য যোগ্য আবেদনকারীদের আইনগত সহায়তা প্রদানের তথ্য ত্রৈমাসিক ভিত্তিতে সংস্থা বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ নমুনা ফরম্যাট-০১ ফর্দ।**

১৯/০৯/২৪

**(ফারিন ফারজানা)**
সহকারী পরিচালক (মনিটরিং)
(সিনিয়র সহকারী জজ)
ফোন নং: ০২-৪৯৩৪৯৮০২ (অ:)
ই-মেইল: admonitoringnlaso@gmail.com

**জেলা লিগ্যাল এইড অফিসার**
জেলা লিগ্যাল এইড অফিস (সকল)।

**সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। মাননীয় চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি ও বিজ্ঞ জেলা ও দায়রা জজ (সকল)।
২। বিজ্ঞ বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল (সকল)।
৩। উপপরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৪। সহকারী পরিচালক (প্রশাসন/ অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৫। পিএটু পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৬। কোর্ট অফিসার, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৭। অফিস কপি/গার্ড ফাইল